

## ২০২১ - ২০২২ শিক্ষাবর্ষে GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহে প্রাথমিক ভর্তি বিজ্ঞপ্তি

### (Second Phase)

২০২১ - ২০২২ শিক্ষাবর্ষে GST গুচ্ছভুক্ত বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে প্রাথমিক ভর্তি প্রক্রিয়ার দ্বিতীয় পর্যায় আগামী ১৮/১১/২০২২ তারিখ দুপুর ১২:০০ টা হতে ২১/১১/২০২২ তারিখ রাত ১১:৫৯ টার মধ্যে GST ওয়েবসাইটে (<https://gstadmission.ac.bd/>)-এর মাধ্যমে সম্পন্ন করতে হবে। প্রত্যেক আবেদনকারী তার আবেদনকৃত প্রতিটি বিশ্ববিদ্যালয়ের প্রস্তুতকৃত মেধাক্রম ও প্রদত্ত বিভাগ পছন্দক্রম অনুযায়ী সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ে একটি নির্দিষ্ট বিভাগে প্রাথমিক ভর্তির জন্য নির্বাচিত হবে। দ্বিতীয় পর্যায়ে ভর্তির জন্য নির্বাচিত বিভাগ, মাইগ্রেশনের বর্তমান অবস্থাসহ অন্যান্য তথ্য স্ব-স্ব বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশিত হবে। দ্বিতীয় পর্যায়ে যে সকল আবেদনকারী প্রথমবার প্রাথমিক ভর্তির জন্য নির্বাচিত হয়েছে শুধুমাত্র তাদের ভর্তির ক্ষেত্রে নিম্নের সময়সূচী অবশ্যই মানতে হবে (১ ও ২):

- ১। অনলাইনে প্রাথমিক ভর্তি ও ফি প্রদানঃ ১৮/১১/২০২২ তারিখ দুপুর ১২:০০ টা হতে ২১/১১/২০২২ তারিখ রাত ১১:৫৯ টা পর্যন্ত।
- ২। মূল কাগজপত্র জমাঃ ১৯/১১/২০২২ তারিখ হতে ২২/১১/২০২২ তারিখ (প্রতিদিন সকাল ০৯:০০ টা হতে বিকাল ০৪:০০ টা)-এর মধ্যে এসএসসি ও এইচএসসি/সমমান পরীক্ষার মূল নম্বরপত্র আবেদনকারীর প্রাথমিক ভর্তিকৃত বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে, **অন্যথায় প্রাথমিক ভর্তি বাতিল হয়ে যাবে। মূল নম্বরপত্র দুটি আবেদনকারীর নাম ও GST রোল নম্বর লিখা একটি A4 সাইজের খামে করে জমা দিতে হবে।**

### ইতোমধ্যে প্রাথমিক ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্ষেত্রে প্রয়োজ্ঞঃ

GST-ভুক্ত কোন বিশ্ববিদ্যালয়ে ইতোমধ্যে প্রাথমিক ভর্তি সম্পন্ন করে থাকলে পুনরায় ভর্তি হবার প্রয়োজন হবে না। তবে আবেদনকারী একইসাথে অন্য এক বা একাধিক বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য নির্বাচিত হলে তার ভর্তি অন্য বিশ্ববিদ্যালয়ে স্থানান্তর (University Migration) করতে পারবে। আবেদনকারীকে নিজ দায়িত্বে প্রদত্ত নির্দেশনা অনুসরণ করে <https://gstadmission.ac.bd> ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে University Migration (১৮/১১/২০২২ তারিখ দুপুর ১২:০০ টা হতে ২১/১১/২০২২ তারিখ রাত ১১:৫৯ টার মধ্যে) সম্পন্ন করতে হবে। সেক্ষেত্রে কোন বিশ্ববিদ্যালয়ে সশরীরে উপস্থিত হবার প্রয়োজন নাই। মূল কাগজপত্র যে বিশ্ববিদ্যালয়ে জমা আছে সেখানেই থাকবে।

ভর্তি পদ্ধতি সংক্রান্ত বিস্তারিত তথ্য ও অনলাইনে প্রাথমিক ভর্তি সম্পন্ন করার প্রয়োজনীয় বিবরণ যথাক্রমে GST Admission System ও GST Admission Guideline -এ প্রদত্ত।

■ GST Technical Committee